

## Samotaar Gaan (সমতার গান)

©@Deepak Sarkar, Written on 8/12/2000, Redwood Shores, California

এসো সবাই, হাত ধর!  
এসো সবাই, গান কর!  
আনন্দ গান সমস্বরে -  
বাতাসে সেই তরঙ  
ভেসে যাক দিক দিগন্ত  
জমে থাকা প্রতিবাদের  
শেষ রাত হোক আজ ।

এসো সবাই, ভালোবাসো!  
ভালোবেসে মন প্রাণ ভরো!  
যাচাই করে দূরে থেকোনা -  
ভেদাভেদের বোঝা বাড়িও না -  
প্রাচীন অন্ধ সংস্কার  
মনের আড়ালে লুকোন অন্ধকার  
চেতনালোকে করি স্নান -  
হোক আজ অবসান ।

এসো সবাই, কাজ কর!  
দাবী নিয়ে লড়াই কর!  
কাজের ফসলে সবার অধিকার -  
বঞ্চনাকে করো ইতিহাস -  
ব্যবধান ঘুচে যাক বন্ধনে  
জীবন মুখরিত বিশ্বাসে  
জমানো এতো সমস্যারও  
সম্ভব সমাধান !!!